৩

Total No. of Printed Pages—7

**2 SEM TDC BNL MIL (A) 1**

**2019**

( May )

BENGALI

( Modern Indian Language )

**( Arts )**

Course : 201

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates* ***eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***9***

*Full Marks* : 80

*Pass Marks* : 32/24

*Candidates* ***not eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***12***

*Full Marks* : 100

*Pass Marks* : 40/30

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সোনার তরী' কাব্যের প্রথম কবিতাটির নাম কী?

(খ) 'সোনার তরী' কাব্যটি ইংরাজী কত সালে প্রকাশিত হয়?

(গ) "গগনে গরজে মেঘ, ঘন বরষা।
______, নাহি ভরসা।" ( শূন্যস্থান পূর্ণ কর )

(ঘ) 'সমুদ্রের প্রতি' কবিতাটির রচনাস্থল কোথায়?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) "একদিকে মানুষের স্নেহ-প্রেম, অন্যদিকে নিষ্ঠুর মৃত্যু-সৃষ্টির অপরিবর্তনীয় বিধান। এই দুয়ের দ্বন্দ্বে আমাদের জীবনের একটা চিরন্তন ট্র্যাজেডি লুক্কায়িত আছে। এই চিরন্তন মানব-বেদনার ইঙ্গিত করিয়াছেন কবি। 'যেতে নাহি দিব' কবিতায়।" আলোচনা কর।

(খ) "'সমুদ্রের প্রতি' কবিতাটি জল-স্থল-আকাশের সহিত কবির একাত্মতার অনুভূতিতে পরিপূর্ণ।" কবিতাটি বিশ্লেষণ করে উক্ত মন্তব্যটির সত্যতা প্রতিপন্ন কর।

(গ) 'সোনার তরী' কবিতার মূল বিষয়বস্তু তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) "শূন্য নদীর তীরে রহিনু পড়ি—
যাহা ছিল নিয়ে গেল সোনার তরী॥"

সংক্ষেপে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।





(খ) "হে আদিজননী সিন্ধু, বসুন্ধরা সন্তান তোমার,
একমাত্র কন্যা তব কোলে।"

কবি 'সিন্ধু'কে 'আদিজননী' কেন বলেছেন? 'একমাত্র কন্যা' বলতে কার কথা বলেছেন?

## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'হারাণের নাতজামাই' গল্পটি কোন্ কৃষক আন্দোলনের প্রেক্ষাপটে রচিত?

(খ) 'ফসিল' গল্পে বর্ণিত 'নেটিভ স্টেট'-এর নাম কী?

(গ) লেখক সমরেশ বসু কোন্ ঘটনাকে কেন্দ্র করে 'আদাব' গল্পটি লিখেছেন?

(ঘ) 'টোপ' গল্পটির লেখক কে?

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) "সেইদিন রাত্রেই শিকারের প্রথম অভিজ্ঞতা।" 'টোপ' গল্প অবলম্বন করে বক্তার শিকারের সেই প্রথম অভিজ্ঞতার কথা তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

(খ) 'হারাণের নাতজামাই' গল্পটির মূল বিষয়বস্তু আলোচনা কর।

(গ) "সত্যই নতুন প্রাণের জোয়ার এসেছে অঞ্জনগড়ে।"

অঞ্জনগড়ের পূর্বের অবস্থা বর্ণনা করে এই নতুন প্রাণের জোয়ারের পরিচয় দাও।

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) "অনেকক্ষণ এই সন্দিহান ও অস্বস্তিকর অবস্থায় দুজনেই অধৈর্য হয়ে পড়ে।" 'আদাব' গল্প অবলম্বনে সেই 'সন্দিহান ও অস্বস্তিকর অবস্থা'র বর্ণনা কর।

(খ) অঞ্জনগড়ের 'ল-এজেন্ট' মিঃ মুখার্জীর চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(গ) 'টোপ' গল্পের রাজাবাহাদুর চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) 'হারাণের নাতজামাই' গল্পের ভুবন মণ্ডল চরিত্রটি আলোচনা কর।





## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৭। 'ফেরারী ফৌজ' বাংলার সেই অগ্নিযুগকে বাঁচিয়ে রাখবে, প্রেরণা যোগাবে ভবিষ্যত বিপ্লবে—যার পদধ্বনি কান পাতলে শোনা যাবে আজকের এই দুঃসহ জীবন-যন্ত্রণায়।" সমালোচকের এই উক্তির যাথার্থ্য বিশ্লেষণ কর। ১৩

*অথবা*

"এই নাটকে 'ফেরারী ফৌজ' ব্রিটিশ শাসনযুগের জাতীয়তাবাদী আন্দোলনের দুটো দিক ফুটে উঠেছে। সাম্রাজ্যবাদী ব্রিটিশ শক্তির বিরুদ্ধে একদিকে চলেছিল আপোষহীন লড়াই এবং আরেকদিকে চলেছিল এই সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে আপোষ রফা।" আলোচনা কর।

৮। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) অশোক চট্টোপাধ্যায়

(খ) হিতেন দাশগুপ্ত

(গ) রাধা

(ঘ) যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ফেরারী ফৌজ' নাটকটি ইংরাজী কত সালে প্রথম প্রকাশিত হয়?

(খ) যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় রচিত গ্রন্থটির নাম কী?

(গ) বিপ্লবী অশোক গুলি করে কোন্ ব্রিটিশ পুলিশ অফিসারকে খুন করেছিল ?

(ঘ) 'ফেরারী ফৌজ' নাটকটি প্রথম কোন্ থিয়েটারে অভিনীত হয় ?

## ঘ—বিভাগ

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

( *মূল্যাঙ্ক* : ২০ )

১০। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে 'সোনার তরী' কাব্য রচনা করেছেন ?

(খ) 'ফেরারী ফৌজ' নাটকের বারবণিতা চরিত্রটির নাম কী ?

(গ) 'একশ বছরের সেরা গল্প' সংকলনটির সম্পাদক কে ?

(ঘ) বৃদ্ধ দুলাল মাহাতো দীর্ঘকাল পর কোথা থেকে অঞ্জনগড়ে ফিরে এসেছিল ?





6

১১। সংক্ষেপে লেখ (যে-কোন একটি) : ৪

(ক) "যেতে আমি দিব না তোমায়।" বক্তা কে? একথা বলার পর বক্তা কি করলো, সংক্ষেপে বর্ণনা কর।

(খ) "ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"

সংক্ষেপে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

১২। 'ফেরারী ফৌজ' নাটকের জ্যোতির্ময় চরিত্রটি আলোচনা কর। ১২

*অথবা*

"সামন্ততন্ত্রের বিলাসী খেয়ালের অমানবিক আচরণের এক প্রকৃষ্ট উদাহরণ 'টোপ' গল্পটি।" আলোচনা কর।

★★★